

মাস্কিপঞ্জের সময় কীভাবে লন্ড্রি করতে হবে সে সম্পর্কে নির্দেশনা ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য

নিচের নির্দেশনাগুলো লন্ড্রোম্যাট, ড্রাই ক্লিনার এবং লন্ড্রি সেবাদাতাদের জন্য।

মাস্কিপঞ্জ একটি ছোঁয়াচে রোগ যা মাস্কিপঞ্জ ভাইরাসের কারণে হয়। ভাইরাসে আক্রান্ত এমন কোনো ব্যক্তির ফুসকুড়ি বা ক্ষতের সাথে সরাসরি সংস্পর্শের মাধ্যমে ভাইরাসটি সাধারণত সবচেয়ে বেশি ছড়ায়। ভাইরাসটি কাপড়, বিছানা, বা মাস্কিপঞ্জে আক্রান্ত ব্যক্তিদের ব্যবহার করা অন্যান্য জিনিসের সাথে সংস্পর্শের মাধ্যমেও ছড়াতে পারে। **অন্যদের কাপড়চোপড় নাড়াচাড়া করার সময় বিশেষ সাবধানতা অবলম্বন করতে হবে কারণ তাতে ভাইরাসটি থাকতে পারে।**

পরিষ্কার করা এবং মাস্কিপঞ্জ ভাইরাস দূর করার জন্য সাধারণ লন্ড্রি ডিটারজেন্ট এবং ড্রাই-ক্লিনিং সলভেন্টসমূহ ব্যবহার করা যাবে। বিশেষ পোশাক, যেমন কস্টিউম পরিষ্কার করার জন্য স্টিম ক্লিনিং ব্যবহার করা যাবে। লন্ড্রি সঠিকভাবে পরিষ্কার হয়ে গেলে, লন্ড্রির মাধ্যমে ভাইরাসটি ছড়ানোর আর কোনো ঝুঁকি থাকবে না।

নিম্নলিখিত উপায়ে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীসমূহ ব্যবহার করুন:

- একটি আঁটসাঁট মাস্ক পরুন (একটি N95 বা KN95 মাস্ক হলে ভাল হয়) যা আপনার নাক এবং মুখ ঢেকে রাখবে।
- ময়লা কাপড়চোপড় নাড়াচাড়া করার সময় ডিজপোজেবল গ্লাভস পরুন।
- ময়লা কাপড়চোপড় নাড়াচাড়া করার সময় আপনার কাপড়ের উপর একটি ডিজপোজেবল বা ধোয়ার যোগ্য আবরণ পরুন, যেমন স্বাস্থ্যসেবা প্রদানকারীদের এক্সাম গাউন।
- কাপড় ওয়াশিং মেশিন বা ড্রাই-ক্লিনিং মেশিনে ঢোকানোর পর আপনার গ্লাভস এবং আবরণ বা গাউন ফেলে দিন (যদি ধোয়ার যোগ্য না হয়)।

পরিষ্কার কাপড়চোপড় নাড়াচাড়া করার সময় আপনার গ্লাভস বা আবরণ বা গাউন পরার দরকার নেই।

কাপড় পরিষ্কার করার সময়:

- সেগুলো যদি ধোয়ার যোগ্য ব্যাগে পাঠানো হয়, তাহলে ময়লা কাপড়ের সাথে ব্যাগটিও ধুয়ে ফেলুন।
- ময়লা কাপড় ঝাঁকানো থেকে বিরত থাকুন। যদি সেগুলো নাড়ানোর প্রয়োজন হয়, যেমন দাগ পরিষ্কার করার সময়, তাহলে সেটি উলটে দেয়ার বদলে সাবধানে গড়িয়ে নিন।
- কাপড় সাবধানে ওয়াশিং মেশিন বা পরিষ্কার করার মেশিনে ঢোকান।
- গরম জল বা উচ্চতম তাপমাত্রার সেটিং ব্যবহার করুন।
- সাধারণ ডিটারজেন্ট ব্যবহার করুন। আপনাকে ক্লোরিন বা রঙ নিরূপদ রাখে এমন ব্লিচ ব্যবহার করতে হবে না।

- একটি জীবানুনাশক ওয়াইপ দিয়ে মেশিনের বাইরের অংশ এবং ময়লা কাপড়চোপড়ের স্পর্শ লেগে থাকতে পারে এমন যে কোনো কঠিন পৃষ্ঠ মুছে ফেলুন।
- পরিষ্কার লব্ধি শুকানোর সময় সহ সেগুলো স্পর্শ করার আগে গ্লাভস এবং আবরণ বা গাউন খুলে ফেলুন।
- ভাঁজ করার জন্য কোনো পৃষ্ঠতল ব্যবহার করার আগে একটি জীবানুনাশক ওয়াইপ দিয়ে মুছে নিন।

পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার পণ্যসমূহের একটি তালিকার জন্য, [epa.gov/pesticide-registration/disinfectants-emerging-viral-pathogens-evps-list-q](https://www.epa.gov/pesticide-registration/disinfectants-emerging-viral-pathogens-evps-list-q) ভিজিট করুন।

পরিস্থিতি অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

8.4.22 Bengali